

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
নকলা, শেরপুর

জলমহাল সমূহ বন্দোবস্ত/ইজারার দরপত্র বিজ্ঞপ্তি।

শেরপুর জেলাধীন নকলা উপজেলায় ইজারায়োগ্য বহু জলমহালসমূহ (২০ একরের নিম্নে) বাংলা ১৪২৯ সনের ০১ বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানে নিমিত্তে সমবায় অফিসের বা সমাজসেবা অফিসের নিবন্ধিত প্রকৃত মৎসজীবী সংগঠন/সমিতির নিকট হতে <http://jm.lams.gov.bd/> এ অনলাইনে দরপত্র আহবান করা যাচ্ছে।

২. আবেদনপত্র নিম্নবর্ণিত সময়সূচী মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি), নকলা, শেরপুর এর কার্যালয় হতে ক্রয় করা যাবে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নকলা, শেরপুর এ জমা প্রদান করা যাবে। বিস্তারিত তথ্য সহকারী কমিশনার (ভূমি), নকলা, শেরপুর এর কার্যালয় হতে জানা যাবে।
৩. আবেদন পত্রের সাথে ২০% অর্থ জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, নকলা, শেরপুর এর অনূর্কলে পে.অর্ডার/বাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে।
৪. ইজারা প্রাপ্তির পর ইজারা মূল্যের উপর ৫% আয়কর এবং ১৫% হারে মূল্য সংযোজন কর জমা দিতে হবে।
৫. এই বিজ্ঞপ্তিতে আবেদন পত্রের সাথে সংযুক্ত উল্লিখিত শর্তাবলীসমূহ নিম্নবর্ণিত জলমহাল সমূহের ইজারার শর্তাবলী হিসেবে বিবেচিত হবে।
৬. জলমহাল বন্দোবস্ত/ইজারা প্রদান ফরমের ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) নগদ জমা প্রদানের মাধ্যমে দরপত্র ফরম পাওয়া যাবে।
৭. আবেদন পত্রে উল্লিখিত সম্পূর্ণ টাকা এবং আয়কর ও ভ্যাট জমা দেওয়ার পর জলমহালের দখল ইজারাদারের নিকট বুঝিয়ে দেওয়া হবে।
৮. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

জলমহাল সমূহঃ

ক্র: নং	উপজেলার নাম	জলমহালের নাম	আয়তন	ইজারার মেয়াদকাল	সম্ভাব্য সরকারী মূল্য	মত্ববা
১	নকলা	নীলকুঠি পুকুর	৩.১৭ একর	বাংলা ১৪২৯ সনের ০১ বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত	২,৩১,০০০/=	
২		মেহেদীডাঙ্গা পুকুর	১২.৪৩ একর		৬,০০,০০০/=	

সময়সূচীঃ

ক্রমিক নং	তারিখ	গৃহীত কার্যক্রম
১	১০ থেকে ১৫ ফাল্গুনের মধ্যে (২৩/০২/২০২২ খ্রি. হতে ২৮/০২/২০২২ খ্রি. পর্যন্ত)	অনলাইনে আবেদন দাখিল
২	১৬ ফাল্গুন থেকে পরবর্তী ৩(তিন) কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
৩	২৫ ফাল্গুনের মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই।
৪	৩০ ফাল্গুনের মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন।
৫	০৫ চৈত্রের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
৬	১০ চৈত্রের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগৃহীতাকে অবহিতকরণ।
৭	১৫ চৈত্রের মধ্যে	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান।
৮	২৫ চৈত্রের মধ্যে	ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন।
৯	১ বৈশাখ	ইজারা গৃহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

সহকারী কমিশনার (ভূমি)

ও

সদস্য সচিব

উপজেলা জল মহাল ব্যবস্থাপনা কমিটি
নকলা, শেরপুর

(মোতাজ্জুর রহমান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নকলা, শেরপুর